

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দৌলতপুর, মানিকগঞ্জ।  
www.daulatpur.manikganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৬১০.০০০.০৬.০০৩.২৩-২০৩

তারিখঃ ২৩.০৪.২০২৪ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার নিম্নোক্ত ০৪ টি ইউনিয়ন পরিষদের শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রামপুলিশ ( মহল্লাদার) নিয়োগের লক্ষ্যে মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিকদের (পুরুষ ও মহিলা) নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েব এড্রেস [www.daulatpur.manikganj.gov.bd](http://www.daulatpur.manikganj.gov.bd) এ পাওয়া যাবে।


ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা
চরকাটারী	মহল্লাদার	(০৭ নং ওয়ার্ড)	০১
বাচামারা	মহল্লাদার	(০২ ও ০৮ নং ওয়ার্ড)	০২
কলিয়া	মহল্লাদার	(০৪ ও ০৭ নং ওয়ার্ড)	০২
ধামশ্বর	মহল্লাদার	(০৬ নং ওয়ার্ড)	০১
মোট শূন্য			০৬

শর্তসমূহঃ

- ০১। প্রার্থীকে জনাসূত্রে বাংলাদেশী এবং দৌলতপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীর বয়স আগামী ০৫.০৫.২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/ কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৩। ন্যূনতম অষ্টম শ্রেণি পাস হতে হতে হবে।
- ০৪। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি, অভিজ্ঞতা (যদি থাকে) সনদের অনুলিপি এবং ১০০/- টাকার অফুরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার " উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ" বরাবর দাখিল করতে হবে।
- ০৫। পুরুষ প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট, বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।
- ০৬। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা বা শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে সে ক্ষেত্রে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা হিসেবে সনদ পত্রের অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত) এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নের অনুলিপি দাখিল করতে হবে।
- ০৭। উপজাতি/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য সনদ পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ০৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে সংরক্ষিত সকল কোটাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৯। প্রার্থীকে আগামী ০৫ মে ২০২৪ তারিখের মধ্যেই অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা "উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর" মানিকগঞ্জ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।
- ১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।



- ১১। খামের উপর পদের নাম ও ইউনিয়নের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- ১২। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরই কেবল নিয়োগ করা হবে।
- ১৩। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।
- ১৪। সরকার নির্ধারিত বেতন ভাতা প্রদেয় হবে।
- ১৫। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১৬। কোন অসত্য তথ্য প্রদান করলে বা দাখিলকৃত কোন কাগজপত্র অসঠিক প্রমানিত হলে নিয়োগের যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ১৭। পোষ্য/ মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ১৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/পরিবর্তন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নহেন।



(নাইয়াম নুরেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

দফাদার ও মহল্লাদার বাছাই কমিটি

দৌলতপুর, মানিকগঞ্জ।

ফোনঃ ০২-৯৯৬৬২৫০০২

স্মারক নং ০৫.৩০.৫৬৭০.০০০.০৩.০১২.২৩ -২০৩

তারিখঃ ২৩.০৫.২০২৪ খ্রিষ্টাব্দ।

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৩। অফিসার ইনচার্জ, দৌলতপুর, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৪। উপজেলা প্রকৌশলী, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান,.....ইউপি (সকল) দৌলতপুর, মানিকগঞ্জ
- ০৭। জনাব ....., দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৮। ওয়েব পোর্টাল/ নোটিশ বোর্ড, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৯। অফিস কপি



উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

ও

সদস্য সচিব

দফাদার ও মহল্লাদার বাছাই কমিটি

দৌলতপুর, মানিকগঞ্জ